

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩০৬(আগরতলা ২৬।০৫)

উদয়পুর, ২৬ মে, ২০২৪

### উদয়পুর মহকুমায় নজরুল জন্মজয়ন্তী

উদয়পুর মহকুমায় গতকাল যথাযোগ্য মর্যাদায় নজরুল জন্মজয়ন্তী উদযাপন করা হয়। মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে এবং উদয়পুর পুর পরিষদের সহযোগিতায় গোমতী জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয় প্রাঙ্গণে এ উপলক্ষে কবি প্রণাম অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহ অধিকর্তা মনোজ দেববর্মা ও নেতাজী সুভাষ সামাজিক সংস্থার সভাপতি প্রদীপ সরকার কাজী নজরুল ইসলামের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে অতিথিগণ কাজী নজরুল ইসলামের জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে স্থানীয় শিল্পীগণ নজরুল গীতি, সমবেত আবৃত্তি ও নৃত্য পরিবেশন করেন।

\*\*\*\*\*